

# ভাৰ্শ্বিক স্বাধীনতা আন্দোলন

১৯০২ চক্কৰি ৮৭-৯

হাৰ্শ্বিক  
স্বাধীনতা



## এখনই পদক্ষেপ নিন

### লুইসিয়ানাৰ গৰ্ভনৰকে লিখুন:

- ক্ৰিস্টি শেরামিকে ক্ষমা করার জন্য তার প্রতি আহ্বান জানান।
- অপরাধকালে অপরাধীর বয়স ১৮ বছরের কম ছিল, এমন অপরাধীদের ইতোপূর্বে শর্তাধীনে মুক্তির সুযোগ ছাড়া যাবজীবন কারাদণ্ড দেওয়া হয়ে থাকলে ভূতাপেক্ষে সেসব বাতিলের লক্ষ্যে লুইসিয়ানা রাজ্যের আইন অনুমোদন নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ নিতে আহ্বান জানান।

### আবেদনপত্র পাঠান:

Bobby Jindal  
Governor of Louisiana  
Post Office Box 94004  
Baton Rouge  
LA 70804-9004  
USA

ফ্যাক্স: +1 225 342 7099

নিচের ওয়েবসাইটে দেওয়া যোগাযোগ ফর্মের মাধ্যমে ইমেইল পাঠান:

[http://www.gov.la.gov/index.cfm?md=form&tmp=email\\_governor](http://www.gov.la.gov/index.cfm?md=form&tmp=email_governor)

সম্বোধন: প্রিয় গভর্নর / Dear Governor

### রাষ্ট্রপতি বারাক ওবামা-কে লিখুন:

- কোন ধরনের রিজার্ভেশন ছাড়াই আতিসংঘের শিশু অধিকার সনদ অনুসমর্থনের জন্য যুক্তরাষ্ট্রের সিনেটে পেশ করার জন্য রাষ্ট্রপতির প্রতি আহ্বান জানান।

### আবেদনপত্র পাঠান:

Barack Obama  
President  
The White House  
1600 Pennsylvania Avenue NW  
Washington, DC 20500  
USA

ফ্যাক্স: +1 202 456 2461

নিচের ওয়েবসাইটে দেওয়া যোগাযোগ ফর্মের মাধ্যমে ইমেইল পাঠান:

<http://www.whitehouse.gov/contact>

সম্বোধন: প্রিয় রাষ্ট্রপতি / Dear President

AMNESTY  
INTERNATIONAL



Amnesty International  
International Secretariat  
Peter Benenson House  
1 Easton Street  
London WC1X 0DW  
United Kingdom

সেপ্টেম্বর ২০১১  
সূচি নম্বর: AMR 51/071/2011  
Bengali

[www.amnesty.org/individuals-at-risk](http://www.amnesty.org/individuals-at-risk)

# ক্রিস্টি শেরামি-এর জন্য এখনই পদক্ষেপ নিন



ক্রিস্টি শেরামিকে ১৯৯৪ সালে ১৬ বছর বয়সে শর্তসাপেক্ষে জামিনের সম্ভাবনা ছাড়াই যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করা হয়। অপরাধ করাকালে ১৮ বছর বয়স হযনি এমন কাউকে এই ধরনের শাস্তি প্রদান আন্তর্জাতিক আইনের লংঘন। ক্রিস্টি শেরামির এখন বয়স ৩৩ বছর এবং সে তার জীবনের অর্ধেকেরও বেশি সময় কারাগারে কাটিয়েছে।

প্রাপ্ত বয়স্কদের আদালতে তার বিচার চলাকালে তৃতীয় দিনে ১৬ বছর বয়সী ক্রিস্টি তার প্রেমিকের চাচাতো দাদীকে ছুরিকাঘাত করার স্বীকার করার মাধ্যমে সেকেন্ড-ডিক্রি মার্ডারের দায়ে দোষী সাব্যস্ত হয়। বিচার কার্য চলতে থাকলে তার মৃত্যুদণ্ড হতে পারে এই ভয় থেকে সে দোষ স্বীকার করেছে। এর মানে হলো যে সে তার বিরুদ্ধে আনীত অভিযোগ বা শাস্তির বিরুদ্ধে সরাসরি কোন আবেদন জানাতে পারবে না। ২০০১ সালে ক্রিস্টি শেরামি স্বীকারোক্তি দেবার সময় তার অধিকারগুলো বুঝতে না পারা কিংবা বিচারকার্য সম্পর্কে ধারণা করতে না পারার কথা উল্লেখ করে তার স্বীকারোক্তি প্রত্যাহারের আবেদন জানায়। তার সেই আবেদন প্রত্যাখান করা হয়।

ক্রিস্টি শেরামির শৈশবকাল ছিল কঠিন এবং শৈশবে সে যৌন নির্যাতনের শিকার হয়েছিল। ১৩ বছর বয়সে আত্মহত্যার চেষ্টা চালানোর পর তাকে একটি মনোরোগ চিকিৎসা কেন্দ্রে ভর্তি করা হয়েছিল।

কারাগারের একজন তত্ত্বাবধায় ক্রিস্টি শেরামির ব্যাপারে বলেছেন “একজন আদর্শ কারাবন্দী---- সমাজে বসবাসের দ্বিতীয় সুযোগ পাওয়ার যোগ্য।” কারাগারে থাকাকালীন সময়ে ক্রিস্টি শেরামি লেখাপড়া করেছে এবং একটি হাইস্কুল ডিপ্লোমা ও কৃষি বিষয়ে ডিগ্রী অর্জন করেছে। সে লুসিয়ানা কারেকশনাল ইন্সটিটিউট অফ ওমেন-এ শিক্ষাগ্রহণ করেছে, যেখানে তাকে কারারুদ্ধ রাখা হয়েছে। তার ঘনিষ্ঠ আত্মীয় মাইন্ডরেড ভূর্নাগে বলেছেন যে ক্রিস্টি শেরামি দ্বিতীয় সুযোগ পাওয়ার যোগ্যতা রাখে।

জাতিসংঘের শিশু অধিকার সনদ অনুসমর্থন করেনি এমন দেশগুলোর মধ্যে সোমালিয়া ছাড়া যুক্তরাষ্ট্র রয়েছে। সনদে বলা আছে যে অপরাধ সংঘটনকালে অপরাধীর বয়স ১৮ বছরের কম হলে তাকে মুক্তির সম্ভাবনা ছাড়া যাবজ্জীবন কারাদণ্ড প্রদান করা যাবে না। অনুসমর্থন না করলেও চুক্তিতে স্বাক্ষরকারী দেশ হওয়ার কারণে যুক্তরাষ্ট্র এখনো এমন কিছু করতে পারে না যার মাধ্যমে আন্তর্জাতিক এই চুক্তির লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাহত হতে পারে। যুক্তরাষ্ট্রে ২,৫০০ এরও বেশি ব্যক্তি শর্তাধীনে মুক্তির সম্ভাবনা ছাড়াই যাবজ্জীবন কারাদণ্ড ভোগ করছে যাদের বয়স অপরাধ সংঘটনকালে ১৮ বছরের কম ছিল।

৩-১৭ ডিসেম্বর ২০১১

অধিকারের জন্য লিখুন  
অসাধারণ কিছু করুন